গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
fscdwelfarefund@gmail.com

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৩.০২.০২৩.২৬- ৬০২

তারিখঃ ০৪/১০/১৪৩২ বঙ্গাব্দ।
১৮/০১/২০২৬ খ্রিঃ।

বিষয় : **৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভা নং : ৫/২০২৫ খ্রিঃ।

তারিখ : ৩০/১২/২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কেন্দ্রীয় কমিটির সদস্যদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত ও ভিটিসি এর মাধ্যমে সংযুক্ত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কে অনুরোধ করেন। অতঃপর বিভিন্ন বিষয়ে আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:ন | বিষয় | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | শিক্ষা অনুদানের আবেদন পর্যালোচনা | (ক) কর্মরত অবস্থায় মৃত কর্মকর্তা কর্মচারীর সন্তানদের শিক্ষা অনুদান প্রাপ্তির ০৩ (তিন) টি আবেদন পর্যালোচনা করে শিক্ষা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (শিক্ষা অনুদানের তালিকা পতাকা- ক) | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | (খ) কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী সদস্যের সন্তানদের শিক্ষা অনুদান নীতিমালা-২০২৫ অধিকতর অবগতির জন্য ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২. | চিকিৎসা সাহায্য | (ক) নিজ ও পরিবারের সদস্যের চিকিৎসাজনিত কারণে ১২ (বারো) জন সদস্যের চিকিৎসা সাহায্যের আবেদনের প্রেক্ষিতে ০৮ (আট) জন কে (তালিকা পতাকা-খ) সর্বমোট ৫,০৫,০০০/- (পাঁচ লক্ষ পাঁচ হাজার) টাকা চিকিৎসা সাহায্য মঞ্জুর এবং অবশিষ্টদের মধ্যে ০৩ (তিন) জনের কাগজপত্র অসম্পূর্ণ থাকায় তা সংগ্রহ পূর্বক বিষয়টি কল্যাণ তহবিলের পরবর্তী সভায় উপস্থাপন এবং ০১ (এক) টি আবেদন গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (খ) চিকিৎসা সাহায্যের আবেদন প্রেরণের ক্ষেত্রে চিকিৎসার ব্যবস্থাপত্র, হাসপাতালে ভর্তি হয়ে থাকলে ভর্তি সংক্রান্ত কাগজপত্র ও ছাড়পত্র, ঔষুধ ক্রয়ের ভাউচার, পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের ফটোকপি সংশ্লিষ্ট উপসহকারী পরিচালক/ সহকারী পরিচালক/ উপপরিচালক কর্তৃক সত্যায়িত সহ যথাযথ কর্তৃপক্ষ হয়ে সংশ্লিষ্ট উপপরিচালকের দপ্তরের মাধ্যমে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) আহত জনিত অসুস্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন পত্রে আহতের কারণ সুস্পষ্ট উল্লেখ্যের সিদ্ধান্ত হয়। | |
| | | (ঘ) অসম্পূর্ণ/ ত্রুটিযুক্ত আবেদন সভায় উপস্থাপন না করার সিদ্ধান্ত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ঋণ সংক্রান্ত | (ক) কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল/ জিপিএফ/ গৃহনির্মাণ ঋণ/ নারী কল্যাণ/ ব্যাংক/ অন্য কোন সংস্থা থেকে ঋণ চলমান থাকলে এবং মামলা থাকলে সাধারণ ঋণ/ ল্যাপটপ ঋণের আবেদন প্রেরণ না করার সিদ্ধান্ত হয়। তবে জিপিএফ থেকে ১ম অগ্রিম গ্রহণকারীর সম্পর্কে খোঁজখবর নিয়ে ইতিবাচক হলে ঋণ প্রদানের বিষয়ে বিবেচনা করা যেতে পারে। ঋণের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। | |
| | | (খ) সাধারণ ঋণের মোট ৮৮ (আটাশি) টি আবেদন পাওয়া যায়। যার মধ্যে কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল/ জিপিএফ (একাধিক অগ্রিম)/ গৃহনির্মাণ ঋণ/ নারী কল্যাণ/ ব্যাংক/ অন্য কোন সংস্থা থেকে ঋণ চলমান আছে/ অসম্পূর্ণ সহ মোট ৬২ (বাষট্টি) টি আবেদন গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট =২৬ (ছাব্বিশ) টি আবেদন সঠিক হওয়ায় প্রত্যেকের নামে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে মোট ২৬,০০,০০০/- (ছাব্বিশ লক্ষ) টাকা সাধারণ ঋণ মঞ্জুরীর সিদ্ধান্ত গৃহীত হয় (তালিকা পতাকা-গ) | |
| | | (গ) ল্যাপটপ ঋণের মোট ৭৩ (তেয়াত্তর) টি আবেদন পাওয়া যায়। যার মধ্যে কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল/ জিপিএফ (একাধিক অগ্রিম)/ গৃহনির্মাণ ঋণ/ নারী কল্যাণ/ ব্যাংক/ অন্য কোন সংস্থা থেকে ঋণ চলমান আছে/ অসম্পূর্ণ সহ মোট ৪৬ (ছয়চল্লিশ) টি আবেদন গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট =২৭ (সাতাশ) টি আবেদন সঠিক হওয়ায় প্রত্যেকের নামে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে মোট ১৩,৫০,০০০/- (তের লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ল্যাপটপ ঋণ মঞ্জুরীর সিদ্ধান্ত গৃহীত হয় (তালিকা পতাকা-ঘ) | |
| ৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল | (ক) অপারেশনাল কাজে নিহত/গুরুতর আহত সদস্যদের সহায়তা প্রদানের জন্য গঠিত ''ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল" এর খসড়া ব্যয় ব্যবস্থাপনা নীতিমালার উপর সুস্পষ্ট মতামত প্রদানের নিমিত্ত খসড়া নীতিমালাটি সকল বিভাগীয় উপপরিচালক বরাবর পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উপপরিচালকগণ কে নির্ধারিত সময়ের মধ্যে মতামত প্রদানের অনুরোধ করা হয়। | |
| | | (খ) ইতোমধ্যে টঙ্গী অগ্নি দূর্ঘটনায় শাহাদাত বরণকারী ০৩ (তিন) সদস্যের প্রত্যেক পরিবারকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিল হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে মোট ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা প্রদান করা হয়েছে। | |
| | | (গ) ফায়ার সেফটি ম্যানেজার কোর্স, ফায়ার সাইন্স এন্ড অকুপেশনাল সেফটি কোর্স, পিজিডি কোর্স সহ বিভিন্ন প্রশিক্ষণ থেকে প্রাপ্ত অর্থের উদ্বৃত্ত অংশের ১০% ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য সহায়তা তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিষয়টি সভায় অবহিত করা হয়। | |
| ৫. | হারানো পাশ বই নতুন ইস্যু | হারানো ও ক্ষতিগ্রস্থ পাশ বই নতুন ভাবে তৈরীর জন্য কার্যপরিধি উল্লেখ করতঃ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটির প্রতিবেদন মূল্যায়ণ করতঃ পরবর্তীতে পাশ বই এর বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। | |
| ৬. | সফটওয়্যার | কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের হিসাব সংরক্ষণ ও কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য সফটওয়্যার চালু করার বিষয়ে সবাই সহমত পোষণ করেন। | |
| ৭. | কক্সবাজারের ইনানীতে জমি ক্রয় সংক্রান্ত | কক্সবাজার জেলার ইনানী মৌজায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের জমাকৃত অর্থ হতে জমি ক্রয় বিষয়ে সহকারী পরিচালক (পরিকল্পনা) সভায় জানান যে, ইতোমধ্যে মোট প্রস্তাবিত ৬.২৭১৩ একর জমির মধ্যে ৪.৫৭৩৪ একর জমি ক্রয় কার্য সম্পন্ন করা হয়েছে। মামলাভুক্ত জমি রেজিস্ট্রি কার্যক্রম সম্পন্ন করার ক্ষেত্রে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক নিয়োজিত প্যানেল আইনজীবী এর মতামত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বর্ণিত জমি ক্রয়ের বিষয়ে সভাপতি, অধ্যক্ষ সহ বিভাগীয় পর্যায়ের সকল উপরিচালকগণের মতামত জানতে চাইলে অধ্যক্ষ ট্রেনিং কমপ্লেক্স জানান যে, জমির মামলা সংক্রান্ত বিষয়গুলি আইনী মতামত নিয়ে দ্রুত ক্রয় কার্য সম্পন্ন করা প্রয়োজন। এ বিষয়ে উপপরিচালক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ মতামত প্রকাশ করেন যে, জায়গাটা খুবই সুন্দর এবং আকর্ষনীয় হওয়ায় দ্রুত সময়ের মধ্যে ক্রয় কার্য সম্পন্ন করে কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণার্থে স্থাপনা নির্মাণ করা প্রয়োজন। | |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

ব্রিগেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক
ও
সভাপতি
কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৩.০২.০২৩.২৫- ৮০২

তারিখ: ০৪/১০/১৪৩২ বঙ্গাব্দ।
১৮/০১/২০২৬ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা ।
২. উপপরিচালক (প্রশাঃও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন)---------------, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .........................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. খন্ডকালিক চিকিৎসক, ট্রেনিং কমপ্লেক্স, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মিরপুর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.........................................................(সকল)।
১০. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৪. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫. সুপার/সেকশন ইনচার্জ..................................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সদস্য সচিব
কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল